"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৭৫.৮৭.০০৮.১৫-২২

তারিখ: ১৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি ও বেসরকারি মাদ্রাসাসমূহের ২০১৮ সালের বাৎসরিক ছুটির তালিকা।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.২২.০০১.১৫-১৩, তারিখ: ০৭/০১/২০১৮খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ও বেসরকারি মাদ্রাসাসমূহের ২০১৮ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে:

| ক্র.নং | ছুটির উপলক্ষ | তারিখ ও বার | তারিখ,বঙ্গাব্দ | দিন |
|---|---|---|---|---|
| ০১ | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, ২০১৮, বুধবার | ০৯ ফাল্গুন, ১৪২৪ | ০১ দিন |
| ০২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস | ১৭ মার্চ, ২০১৮, শনিবার | ০৩ চৈত্র, ১৪২৪ | ০১ দিন |
| ০৩ | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, ২০১৮, সোমবার | ১২ চৈত্র, ১৪২৪ | ০১ দিন |
| ০৪ | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল, ২০১৮,শনিবার | ০১ বৈশাখ, ১৪২৫ | ০১ দিন |
| ০৫ | *শব-ই-মিরাজ | ১৫ এপ্রিল, ২০১৮, রবিবার | ০২ বৈশাখ,১৪২৫ | ০১ দিন |
| ০৬ | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখি পূর্ণিমা) | ২৯ এপ্রিল, ২০১৮, রবিবার | ১৬ বৈশাখ,১৪২৫ | ০১ দিন |
| ০৭ | মে দিবস | ০১ মে, ২০১৮, মঙ্গলবার | ১৮ বৈশাখ, ১৪২৫ | ০১ দিন |
| ০৮ | * পবিত্র শব-ই-বরাত | ০২ মে , ২০১৮, বুধবার | ১৯ বৈশাখ, ১৪২৫ | ০১ দিন |
| ০৯ | গ্রীষ্মকালীন অবকাশ, *পবিত্র রমাযান, *লাইলাতুল কদর ও *ঈদ-উল- ফিতর | ১৭ মে, ২০১৮, বৃহস্পতিবার থেকে ২১ জুন, বৃহস্পতিবার | ০৩ জ্যৈষ্ঠ, ১৪২৫ থেকে ০৭ আষাঢ়, ১৪২৫ | ৩১ দিন |
| ১০ | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, ২০১৮, বুধবার | ৩১ শ্রাবণ, ১৪২৫ | ০১ দিন |
| ১১ | *পবিত্র ঈদ-উল আযহা | ১৮ আগষ্ট,২০১৮, শনিবার থেকে ৩০ আগষ্ট, ২০১৮, বৃহস্পতিবার | ০৩ ভাদ্র,১৪২৫ থেকে ১৫ ভাদ্র, ১৪২৫ | ১২ দিন |
| ১২ | *শুভ জন্মাষ্টমী | ০২ সেপ্টেম্বর, ২০১৮,রবিবার | ১৮ ভাদ্র, ১৪২৫ | ০১ দিন |
| ১৩ | *হিজরি নববর্ষ | ১২ সেপ্টেম্বর, ২০১৮,বুধবার | ২৮ ভাদ্র, ১৪২৫ | ০১ দিন |
| ১৪ | *পবিত্র আশুরা | ২১ সেপ্টেম্বর, ২০১৮, শুক্রবার | ০৬ আশ্বিন, ১৪২৫ | ০০ দিন |
| ১৫ | *দূর্গাপূজা | ১৯ অক্টোবর, ২০১৮ শুক্রবার | ০৪ কার্তিক, ১৪২৫ | ০০ দিন |
| ১৬ | *আখেরী চাহার সোম্বা | ০৭ নভেম্বর, ২০১৮, বুধবার | ২৩ কার্তিক, ১৪২৫ | ০১ দিন |
| ১৭ | *পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবি (সা.) | ২১ নভেম্বর, ২০১৮, বুধবার | ০৭ অগ্রহায়ণ, ১৪২৫ | ০১ দিন |
| ১৮ | শীতকালীন অবকাশ, বিজয় দিবস, *ফাতেহা-ই-ইয়াজ দাহম ও ঈসা (আ.) এর জন্মদিন | ১২ ডিসেম্বর, ২০১৮, বুধবার থেকে ২৯ ডিসেম্বর, ২০১৮ শনিবার | ২৮ অগ্রহায়ণ, ১৪২৫ থেকে ১৫ পৌষ, ১৪২৫ | ১৫ দিন |
| ১৯ | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | | | মোট = | ৭৪ দিন |

*চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।

চলমান পাতা-০২

পরীক্ষার সময়সূচি- ২০১৮ খ্রিষ্টাব্দ

| পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষা | ২৭ জুন, ২০১৮, বুধবার থেকে ১৪ জুলাই, ২০১৮, শনিবার পর্যন্ত | ১৫ দিন | ২৮ জুলাই, ২০১৮, শনিবার |
| নির্বাচনি পরীক্ষা | ২৭ সেপ্টেম্বর, ২০১৮, বৃহস্পতিবার থেকে ১৪ অক্টোবর, ২০১৮, রবিবার পর্যন্ত | ১৫ দিন | ০৫ নভেম্বর, ২০১৮, সোমবার |
| বার্ষিক পরীক্ষা | ২৪ নভেম্বর, ২০১৮, শনিবার থেকে ১০ ডিসেম্বর, ২০১৮, সোমবার পর্যন্ত | ১৫ দিন | ৩০ ডিসেম্বর,২০১৮, রবিবার |

অনুসরণীয় নির্দেশনা:

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি ২০১৮ থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ খ্রি. পর্যন্ত।

২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত: ১ (এক) বছর সংরক্ষণ করবে। প্রতি পরীক্ষার সময়কাল ১৫ দিনের বেশি হবে না।

৩. মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতীত বছরে মোট ছুটি ৭৪ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৭৪ দিনের অন্তর্ভুক্ত হবে।

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবেনা, সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, ইবতেদায়ী সমাপনী পরীক্ষা, জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার সময়ে প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।

৯. পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসায় যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

১০. প্রত্যেক মাদ্রাসায় দৈনিক পাঠের ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়রীতে ছাত্র-ছাত্রী পরিচিতি, আচরণ বিধি, অভিভাবকদের প্রতি পরামর্শ, শিক্ষকগণের নাম, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটি তালিকা এবং ক্লাস রুটিন অন্তর্ভুক্ত থাকবে। ডায়েরীতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে।

১১. পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (স.), শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে; তবে প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

১২. প্রতিটি মাদ্রাসায় সরকার ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষণ কর্মসূচি পালন করতে হবে। সে সাথে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০১৮ সনের জন্য একটি শিক্ষার উন্নয়নমূলক পরিকল্পনা প্রণয়নক্রমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

২৫/০১/১৮
(মো: আ: খালেক মিঞা)
সহকারী সচিব (মাদ্রাসা-১)
☎ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ,ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৩০.০০১.১৭-৩০ তারিখঃ ২৮.০১.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৮.০১.২০১৮
(মোঃ সাইফুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ফোন-৯৩৪৫১৬৭ ইমেইল: ddadmeb@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. অধ্যক্ষ, সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদরাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া মাদরাসা, বগুড়া
২. জেলা শিক্ষা অফিসার (সকল) [তাঁর জেলার সকল মাদরাসায় অবহিতকরণের অনুরোধসহ]
৩. অধ্যক্ষ/সুপার, .......................মাদরাসা, পো:..............., উপজেলা............., জেলা.......................